



স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.২০.০০৪.১৫(অংশ)- ৭১৯

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৭  
৩০ জুন ২০২০


বিষয়ঃ **‘মুজিববর্ষে করোনায় ক্ষতিগ্রস্ত ৫০ লক্ষ পরিবারের মধ্যে মোবাইল ব্যাংকিং পরিসেবার মাধ্যমে নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচি’র উপকারভোগীর তথ্য সংশোধন।**

বিগত ১৫.০৬.২০২০ তারিখ দুপুর ১২.৩০ টায় জুম প্ল্যাটফর্মের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মুজিব বর্ষে করোনায় ক্ষতিগ্রস্ত ৫০ লক্ষ পরিবারের মধ্যে মোবাইল ব্যাংকিং পরিসেবার মাধ্যমে নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচির উপকারভোগীর মধ্যে যাদের অর্থ প্রেরণ করা হয়নি তাদের তথ্য সংশোধন করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হচ্ছে। উক্ত বিভাগ পরবর্তীতে এ তথ্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ করবে।

২। তথ্য সংশোধন এবং এন্ট্রির ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি খেয়াল রাখার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাধ্যমে প্রেরিত তথ্যের 'ERRORDescription' কলামে উপকারভোগীর তথ্যে যে সমস্যা পাওয়া গিয়েছে, তা উল্লেখ করা আছে;
২. যদি 'ERRORDescription' কলামে 'Provided mobile number is not registered against NID' উল্লেখ থাকে, সে ক্ষেত্রে উপকারভোগীর প্রদত্ত মোবাইল নম্বরটি জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে নিবন্ধনকৃত নয়। এক্ষেত্রে 'REGISTEREDMOBILE' কলামে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে নিবন্ধনকৃত সকল মোবাইল নম্বরসমূহ দেওয়া আছে। এর মধ্য থেকে উপকারভোগী নিজে ব্যবহার করছেন- শুধুমাত্র এমন একটি মোবাইল নম্বর রেখে বাকী মোবাইল নম্বরগুলো মুছে ফেলতে হবে। লক্ষ্যণীয়, কোনক্রমেই একাধিক মোবাইল নম্বর দেওয়া যাবে না। অন্যথায় আবেদনটি বাতিল হয়ে যাবে। কোন উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে নিবন্ধনকৃত কোন মোবাইল নম্বর সচল না থাকলে উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে প্রয়োজনে জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে নিবন্ধনকৃত যেকোন একটি সিম সচল করা যেতে পারে;
৩. যদি 'ERRORDescription' কলামে 'No mobile number registered with this NID' উল্লেখ থাকে তার অর্থ উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে নিবন্ধনকৃত কোন মোবাইল নম্বর নেই। এক্ষেত্রে প্রয়োজনে উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে একটি সিম ক্রয় করে/তার অনুকূলে ১০/- (দশ) টাকার মাধ্যমে ব্যাংক একাউন্ট খুলে তার নম্বর 'REGISTEREDMOBILE' কলামে এন্ট্রি করা যেতে পারে;
৪. যদি 'ERRORDescription' কলামে 'NID/SmartID and DoB need verification' উল্লেখ থাকে তাহলে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের নম্বর ও প্রদত্ত জন্ম তারিখটি অবশ্যই ভালো করে পরীক্ষা করে সঠিক এনআইডি নম্বরটি 'NIDNO' কলামে, স্মার্টকার্ড নম্বরটি 'SMARTID' কলামে এবং জন্ম তারিখটি 'DATEBIRTH' কলামে আবশ্যিক ভাবে DD/MM/YYYY ফরমেটে এন্ট্রি করতে হবে।
৫. যদি 'ERRORDescription' কলামে 'Beneficiary profession is not specific' উল্লেখ থাকে তাহলে উপকারভোগীর সঠিক পেশা (বেদে, গৃহিনী, হিজরা, পথশিশু, বিধবা, স্বামীপরিত্যক্তা, প্রতিবন্ধী, ইমাম, চাপ্রমিক, চা দোকানদার, বস্তিবাসী, ভিক্ষুক, ভবঘুরে, বেকার - এই ১৪টি পেশা ব্যাভীত) সুনির্দিষ্ট ভাবে লিপিবদ্ধ করতে হবে।
৬. যদি 'ERRORDescription' কলামে 'Mobile number not in correct digits' উল্লেখ থাকে তার অর্থ উপকারভোগীর প্রদত্ত মোবাইল নম্বরটি ১১ ডিজিটের কম বা বেশী দেওয়া হয়েছে অথবা সঠিক ফরমেটে নেই। এক্ষেত্রে সঠিক ফরমেটে 'REGISTEREDMOBILE' কলামে মোবাইল নম্বরটি লিপিবদ্ধ করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত মোবাইল নম্বরটি আবশ্যিকভাবে জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে নিবন্ধিত থাকতে হবে।
৭. কোন উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের বিপরীতে নিবন্ধনকৃত কোন মোবাইল নম্বর সচল বা নতুন মোবাইল সিম সংগ্রহ করা সম্ভব না হলে সেক্ষেত্রে কোনক্রমেই অন্য কারো মোবাইল নম্বর দেওয়া যাবে না।

৮. উল্লেখ্য NIDNO, SMARTID, DATEBIRTH, REGISTERED MOBILE ও PROFESSION- এই কলামসমূহ ব্যাপীত অন্য কোন কলামে তথ্য এন্ট্রি বা পরিবর্তন করা যাবেনা।

  
০০.০০.২০২০  
(মোঃ হোসাইন ইসলাম)  
উপসচিব  
☎ ৯৫৬৩১৮৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. জেলা প্রশাসক (সকল)

অনুলিপি-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
২. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা